



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-

তারিখ:

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : মহাপরিচালক,

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,

বাংলাদেশ, ঢাকা।


বিষয় : বোর্ডের নির্দেশ অমান্য করায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো: নুরুল ইসলাম এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন “লক্ষণপাড়া উচ্চ বিদ্যালয়” এর প্রধান শিক্ষকের পদ শূন্য হওয়ায় বিধি মোতাবেক সহকারী প্রধান শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্বভার প্রদানের নিয়ম থাকলেও সহকারী প্রধান শিক্ষক মো: আব্দুল্লাহ আল মামুনকে অন্যায়ভাবে সাময়িক বরখাস্ত রাখা হয়েছে। এমন পরিস্থিতিতে ৬০ (ষাট) দিন অতিক্রান্ত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসারে তাকে বেতন ভাতা প্রদানের জন্য ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো: নুরুল ইসলামকে একাধিকবার পত্র দেয়ার পরও মো: আব্দুল্লাহ আল মামুনসহ বিদ্যালয়ের কোন শিক্ষক/কর্মচারীকে অদ্যাবধি বেতন ভাতা প্রদান করা হয়নি। ইতোমধ্যে কমিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁকে বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মচারীদের বেতন বিলে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের সঙ্গে যৌথ স্বাক্ষরের দায়িত্ব দেয়া হয়। কিন্তু উপজেলা নির্বাহী অফিসার এর লিখিত পত্রের মাধ্যমে জানা যায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো: নুরুল ইসলাম তার নির্দেশ সত্ত্বেও বেতন বিলে স্বাক্ষর করছেন না। ফলে বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মচারী বৃন্দ দীর্ঘদিন বেতন না পাওয়ায় মানবেতর জীবন যাপন করছেন।

মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহে কর্মরত শিক্ষক/কর্মচারীদের নিয়োগদান সম্পন্ন হয় বিদ্যালয় পরিচালনা কমিটি এবং DG মহোদয়ের প্রতিনিধির মাধ্যমে। শিক্ষক কর্মচারীদের MPO ভুক্তিসহ তাদের বিষয়ে শাস্তি বিধানের এখতিয়ারও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের।

বর্ণিত অবস্থায়, বোর্ডের নির্দেশ অমান্য করায় মো: নুরুল ইসলাম এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জানানো হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।


০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নং- ১/৫৩/৯/৬৬৯৬(৩)

তারিখ: ১১/১১/২০২১


অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ১। উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধামইরহাট, নওগাঁ।
- ৫। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)


বিদ্যালয় পরিদর্শক